# নোনাজলের মাছের চারা উৎপাদন ও চাষের অন-লাইন প্রশিক্ষণ

নোনা জলে মাছ চাষ একটি উদীয়মান ক্ষেত্র, যা চাষীদের আয়বৃদ্ধি, কর্মসংস্থান ও বৈদেশিক মুদ্রা উপার্জনের মাধ্যমে আমাদের দেশের আর্থ সামাজিক অবস্থা উন্নয়ণে বিশেষ ভূমিকা পালন করে চলেছে। ভারতবর্ষে মোট ১২ লাখ হেক্টর চাষযোগ্য নোনাজল রয়েছে যা নয়টি সমুদ্র উপকূলবর্তী রাজ্যে বিস্তৃত এবং আমাদের রাজ্য পশ্চিমবঙ্গেও ২.১ লাখ হেক্টর চাষযোগ্য এলাকা রয়েছে যার মধ্যে বর্তমানে কেবলমাত্র ৩০-৩৫ শতাংশে নোনাজলের মাছ, চিংড়ি ও কাঁকড়া চাষ হচ্ছে। আমাদের রাজ্যের পূর্ব মেদিনীপুর, উত্তর ও দক্ষিণ ২৪ পরগণা জেলাতে বহু চাষী এই চাষের মাধ্যমে কর্মসংস্থান ও নিজেদের অর্থনৈতিক উন্নয়ন করছেন। যদিও নোনাজলের চাষে একটি মাত্র পণ্য, চিংড়ি-ই প্রাধাণ্য পায়, চিরস্থায়ী মাছ চাষের জন্য পদ্ধতি ও প্রজাতির বৈচিত্র্য আনয়ণ খুব জরুরী। এই উদ্দেশ্যে কেন্দ্রীয় নোনাজলজীব পালন অনুসন্ধান সংস্থা নোনাজলের বিভিন্ন ভোজ্য মাছ, যেমন- ভেটকি, মিল্কফিশ, মুক্তোগাছা, নোনা ট্যাংরা এবং রঙিন মাছ, যেমন- পায়রা চাঁদা, সিলভার মুনিফিশ ও অরেঞ্জ ক্রমিড-এর চারা উৎপাদন ও চাষের সর্বাঙ্গীণ প্রযুক্তি উদ্ভাবণ করেছে যেগুলি চাষীদের মধ্যে জনপ্রিয় করা প্রয়োজন।





বর্তমানে কেন্দ্রীয় সরকার কৃষি পণ্যের উৎপাদন বৃদ্ধি ও চাষীদের আয় দ্বিগুণ করার লক্ষ্যমাত্রা রেখেছে। প্রধান মন্ত্রী মৎস্য সম্পদ যোজনা (PMMSY) প্রকল্পের মাধ্যমে মাছ চাষ ক্ষেত্রকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে যার সাহায্যে উৎপাদন বৃদ্ধি, চাষক্ষেত্রের বিস্তার, আন্তর্জাতিক মানের উৎপাদন এবং সমুদ্রজাত পণ্যের রপ্তানি বাড়ানোর লক্ষ্য অর্জন সম্ভব। এই উদ্দেশ্য সফল করার জন্য চাষীদের বিজ্ঞানসম্মত উপায়ে মাছ চাষ করা প্রয়োজন, তাঁরা যাতে উৎপাদন বৃদ্ধি করতে পারেন এবং এই চাষ দীর্ঘস্থায়ী করতে সক্ষম হন।



এই লক্ষ্য অর্জনের জন্য মাছ চাষী, প্রযুক্তিবিদ, ছাত্রছাত্রী এবং এই ক্ষেত্রের সাথে যুক্ত গবেষকদের মধ্যে নোনাজলের মাছ চাষ সম্বন্ধে সম্যক ধারণা ও বিজ্ঞানসম্মত প্রশিক্ষণ খুবই জরুরী। ICAR-CIBA -র কাকদ্বীপ গবেষণা কেন্দ্র পশ্চিমবঙ্গের সংশ্লিষ্ট জনগনের জন্য বাংলা ভাষার মাধ্যমে নোনজলের মাছের চারা উৎপাদন ও চাষের এই প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণ করেছে।



**প্রশিক্ষণের তারিখঃ ২৮ জানুয়ারী, ২০২১ সময়ঃ ১১টা - ১টা**

Click for Registration



## যাদের উদ্দেশ্যে প্রশিক্ষণ

মাছ চাষী, প্রযুক্তিবিদ, মৎস্য বিজ্ঞানের ছাত্রছাত্রী ও শিক্ষক এবং রাজ্য মৎস্য দপ্তরের আধিকারিকগণ।




## প্রশিক্ষণের বিষয়বস্তু

১. ভেটকি, মিল্কফিশ, মুক্তোগাছা, ভাঙন, নোনা ট্যাংরা ও রঙিন মাছের প্রজনন ও চারা উৎপাদন।

২. নোনজলের মাছের চারা প্রতিপালন পদ্ধতি।

৩. পুকুর, ঘের ও খাঁচায় নোনাজলের মাছ চাষ।






কাকদ্বীপ গবেষণা কেন্দ্র

আই.সি.এ.আর. - কেন্দ্রীয় নোনা জলজীব পালন অনুসন্ধান সংস্থা

কাকদ্বীপ, দক্ষিণ ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ - ৭৪৩৩৪৭

ফোন: ৯১-৩২১০-২৫৫০৭২, ফ্যাক্স: ৯১-৩২১০-২৫৭০৩০, ইমেল: krckakdwip@gmail.com